



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**স্টেটের টিকাদান সাইটের জন্য অপ্রকাশিত সময়সূচি লিংকের অননুমোদিত ব্যবহার সম্পর্কে
তথ্য প্রযুক্তি সেবা দপ্তরের সাধারণ উপদেষ্টা মার্সি স্টিভেন্সের বিবৃতি**

"এটা আমাদের মনোযোগ আকর্ষণ করেছে যে এই সপ্তাহে সোশ্যাল মিডিয়ায় কোনো অননুমোদন ছাড়াই একটি অপ্রকাশিত সময়সূচী লিঙ্ক শেয়ার করা হয়েছে, যার ফলে কিছু নিউ ইয়র্কবাসী স্টেট পরিচালিত সাইটের জন্য টিকা অ্যাপয়েন্টমেন্ট করতে পারবে যা বর্তমানে খোলা নেই এবং তারা বিংহ্যামটন, বাফেলো, প্ল্যাটসবার্গ, পটসডাম, স্ট্যানি ব্রুক এবং উটিকাতে অ্যাপয়েন্টমেন্ট নিচ্ছে না। প্রচুর সতর্কতার কারণে আমরা বিষয়টি ইমপেক্টর জেনারেলের কাছে পাঠিয়ে দিয়েছি। এই মহামারি যেমন দেখিয়েছে, টিকা বিতরণে ন্যায্যবিচার এবং সমান অ্যাক্সেস অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই নীতিগুলি অনুসরণ করা নিশ্চিত করার জন্য সকল অননুমোদিত সাফাংকার বাতিল করা হয়েছে - আমরা বর্তমানে অননুমোদিত লিঙ্ক ব্যবহার করে পরিস্থিতি সম্পর্কে অবহিত করার জন্য যোগাযোগ করছি। আমরা নিউ ইয়র্কবাসীদের সকল তথ্য রক্ষা করতে থাকব এবং যোগ্য সকলের জন্য এই টিকায় সমান অ্যাক্সেস নিশ্চিত করব। একটি স্মারক হিসেবে, স্টেট পরিচালিত স্থানে টিকায় সাইন আপ করার একমাত্র উপায় হচ্ছে স্বাস্থ্য অধিদফতরের অ্যাম আই উপযুক্ত [ওয়েবসাইটের](#) মাধ্যমে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)